শুনি  ক্ষণে ক্ষণে মনে মনে  অতল জলের আহ্বান।
মন  রয় না, রয় না, রয় না ঘরে,  চঞ্চল প্রাণ ॥
ভাসায়ে দিব আপনারে,  ভরা জোয়ারে,
সকল-ভাবনা-ডুবানো ধারায়  করিব স্নান—
ব্যর্থ বাসনার দাহ হবে নির্বাণ ॥
ঢেউ দিয়েছে জলে।
ঢেউ দিল, ঢেউ দিল,  ঢেউ দিল আমার মর্মতলে।
এ কী ব্যাকুলতা আজি আকাশে,  এই বাতাসে,
যেন উতলা অপ্সরীর উত্তরীয়  করে রোমাঞ্চদান—
দূর সিন্ধুতীরে কার মঞ্জীরে  গুঞ্জরতান ॥

---

Parjaay: Chitrangada, Taal: Kaharwa, Raag: Multaan

Visit www.geetabitan.com for notation and other detail